# The New Age - 14.08.09 - Page - Business pata - 2-3
# দৈনিক ইত্তেফাক - 15.08.09 - শেষের পাতা।

৫ম পরীক্ষা

# বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন, ধানমন্ডি, ঢাকা-১২০৫

ফ্যাক্স : ৮৬৫০৮৮৩, ওয়েবসাইট : www.ntrca.gov.bd

স্মারক নং-বেশিনিক/পমূপ্র/পরীক্ষা-২০০৮/১২৯/০৮/ ৩৩৭

তারিখ : ১২ আগস্ট ২০০৯

## ৫ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০০৯
## বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত পদে নিয়োগযোগ্য প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের জন্য শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০০৯-এ অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করছে :

| শিক্ষা প্রতিষ্ঠান | পদের নাম | বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/মাদরাসা | সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) | ১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. সমাজ বিজ্ঞান ৮. সমাজ কল্যাণ/ সমাজ কর্ম ৯. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১০. গার্হস্থ্য অর্থনীতি ১১. ব্যবসায় শিক্ষা (হিসাব বিজ্ঞান, ব্যবসায় পরিচিতি, অর্থায়ন ও বাজারজাতকরণ, ব্যবসায় উদ্যোগ ও বাণিজ্যিক ভূগোল) | ২য় শ্রেণীর বি.এড.সহ স্নাতক ডিগ্রি, তবে স্নাতক পর্যায়ে সংশ্লিষ্ট বিষয় (বাংলা ও ইংরেজির ক্ষেত্রে ৩০০ নম্বরসহ) তাঁর পাঠ্যসূচিভুক্ত থাকতে হবে; অথবা, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণী/ জিপিএ ২.৫ এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | সহকারী শিক্ষক, সাধারণ বিষয় (ভাষা) | ১. বাংলা ২. ইংরেজি | |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা/ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | সহকারী শিক্ষক (গণিত ও বিজ্ঞান) | ১. গণিত<br>২. পদার্থবিজ্ঞান<br>৩. রসায়ন | ২য় শ্রেণীর বি.এড.সহ বিজ্ঞানে স্নাতক; অথবা, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; তবে,সকল ক্ষেত্রে স্নাতক পর্যায়ে গণিত তাঁর পাঠ্যসূচিভুক্ত থাকতে হবে এবং সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| | সহকারী শিক্ষক, (বিজ্ঞান) | ১. পদার্থবিজ্ঞান, ২. রসায়ন, ৩. প্রাণিবিদ্যা, ৪. উদ্ভিদবিজ্ঞান | ২য় শ্রেণীর বি.এড.সহ বিজ্ঞানে স্নাতক এবং স্নাতক পর্যায়ে সংশ্লিষ্ট বিষয় তাঁর পাঠ্যসূচিভুক্ত থাকতে হবে; অথবা, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| ...্নমাধ্যমিক, মাধ্যমিক ... উচ্চ মাধ্যমিক ...্যালয় / মাদরাসা | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা<br>[সহকারী শিক্ষক (কৃষি) পদের জন্য আবেদনকারীকে আবেদনপত্রে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কৃষি শিক্ষা লিখতে হবে এবং স্নাতক পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন কৃষি শিক্ষা বিষয়ের সিলেবাস অনুসরণ করে কৃষি শিক্ষা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। CIF-এ অনুরূপভাবে ঐচ্ছিক বিষয়ের নাম কৃষি শিক্ষা লিখে ঐচ্ছিক বিষয়ের কোড পূরণ করতে হবে।] | বিএসসি (কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য বিজ্ঞান/ পশুপালন/ কৃষি প্রকৌশল /উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান); অথবা, ডিভিএম; অথবা, ন্যূনতম ৩ বছর মেয়াদি কৃষি ডিপ্লোমা; তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| | সহকারী শিক্ষক (কম্পিউটার) | কম্পিউটার শিক্ষা<br>[সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের জন্য আবেদনকারীকে আবেদনপত্রে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কম্পিউটার শিক্ষা লিখতে হবে এবং স্নাতক পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন কম্পিউটার শিক্ষা বিষয়ের সিলেবাস অনুসরণ করে কম্পিউটার শিক্ষা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। CIF-এ অনুরূপভাবে ঐচ্ছিক বিষয়ের নাম কম্পিউটার শিক্ষা লিখে ঐচ্ছিক বিষয়ের কোড পূরণ করতে হবে।] | স্নাতক ডিগ্রিসহ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে ন্যূনতম ৬ মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| ...মাধ্যমিক, মাধ্যমিক ...চ্চ মাধ্যমিক ...লয় | সহকারী শিক্ষক (ধর্ম) | ইসলাম শিক্ষা | ফাজিল পাস; তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| ...রাসা | সহকারী মৌলবি | | |
| ...মাধ্যমিক, মাধ্যমিক ...চ্চ মাধ্যমিক ...লয় | সহকারী শিক্ষক (ধর্ম) | হিন্দুধর্ম | ধর্মীয় বিষয়সহ ন্যূনতম স্নাতক ডিগ্রি; অথবা, স্নাতকসহ তীর্থ/উপাধি ডিগ্রিপ্রাপ্তগণ আবেদন করতে পারবেন। তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| ...মাধ্যমিক, মাধ্যমিক ...চ্চ মাধ্যমিক ...লয়/ মাদরাসা | সহকারী শিক্ষক (শরীর চর্চা) | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | ২য় শ্রেণীর বিপিএডসহ স্নাতক ডিগ্রি; তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| ...ম | শরীরচর্চা শিক্ষক | | |

| ান | পদের নাম | বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| াধ্যমিক বিদ্যালয়/ জে/মাদরাসা | প্রদর্শক | ১. পদার্থবিজ্ঞান ২. রসায়ন ৩. প্রাণিবিদ্যা ৪. উদ্ভিদবিজ্ঞান | সংশ্লিষ্ট বিষয়সহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রি; অথবা,<br>সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা,<br>সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রি;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | ট্রেড ইন্সট্রাক্টর | ১. এগ্রোবেজড ফুড ২. ফিস কালচার অ্যান্ড ব্রিডিং ৩. পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং ৪. ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কালটিভেশন ৫. ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন ৬. ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস / ইলেকট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স ৭. জেনারেল ইলেকট্রনিক্স ৮. অডিও ভিডিও সিস্টেমস ৯. অটোমোটিভ ১০. ফার্ম মেশিনারি ১১. রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ১২. বিল্ডিং মেইনটেন্যান্স ১৩. সিভিল কনস্ট্রাকশন ১৪. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি ১৫. জেনারেল মেকানিক্স ১৬. মেশিনটুল অপারেশন/ মেশিনিস্ট ১৭. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন / ওয়েল্ডিং ওয়ার্কস ১৮. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং | স্বীকৃত বোর্ড হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং / ডিপ্লোমা- ইন-ভোকেশনাল এডুকেশন / সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| নির্বাচিত মাদরাসায় দাখিল ভোকেশনাল কোর্স | জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর | ১. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি ২. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ৩. অডিও ভিডিও সিস্টেম ৪. বিল্ডিং মেইনটেনেন্স ৫. জেনারেল মেকানিক্স ৬. জেনারেল ইলেকট্রনিক্স ৭. ফার্ম মেশিনারি | |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয় / কলেজ/ মাদরাসা/ ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট | প্রভাষক | ১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. দর্শন ৮. সমাজবিজ্ঞান ৯. সমাজকল্যাণ / সমাজকর্ম ১০. মনোবিজ্ঞান ১১. ইসলাম শিক্ষা ১২. সংস্কৃত ১৩. পদার্থবিদ্যা ১৪. রসায়ন ১৫. গণিত ১৬. প্রানিবিদ্যা ১৭. উদ্ভিদ বিজ্ঞান ১৮. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১৯. পরিসংখ্যান ২০. মৃত্তিকা বিজ্ঞান ২১. কৃষি ২২. গার্হস্থ্য অর্থনীতি ২৩. ব্যবস্থাপনা ২৪. হিসাব বিজ্ঞান ২৫. মার্কেটিং ২৬. ফিন্যান্স | সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা,<br>চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা | প্রভাষক (কম্পিউটার বিজ্ঞান) | ২৭. কম্পিউটার বিজ্ঞান<br>[প্রভাষক কম্পিউটার বিজ্ঞান পদের জন্য প্রার্থীগণ আবেদনপত্রে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কম্পিউটার বিজ্ঞান লিখতে হবে এবং স্নাতক সম্মান/স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন কম্পিউটার বিজ্ঞান বিষয়ের সিলেবাস অনুসরণ করে কম্পিউটার বিজ্ঞান ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। CIF-এ অনুরূপভাবে ঐচ্ছিক বিষয়ের নাম কম্পিউটার বিজ্ঞান লিখে ঐচ্ছিক বিষয়ের কোড পূরণ করতে হবে।] | দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ৬ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে;<br>অথবা, কম্পিউটার বিজ্ঞান / কম্পিউটার প্রকৌশলে ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| বসায় ব্যবস্থাপনা নস্টিটিউট | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | ২৮. কম্পিউটার অপারেশন<br>[প্রভাষক কম্পিউটার অপারেশন পদের জন্য প্রার্থীগণ আবেদনপত্রে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কম্পিউটার অপারেশন লিখতে হবে এবং স্নাতক সম্মান/স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন কম্পিউটার অপারেশন বিষয়ের সিলেবাস অনুসরণ করে কম্পিউটার অপারেশন ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। CIF-এ অনুরূপভাবে ঐচ্ছিক বিষয়ের নাম কম্পিউটার অপারেশন লিখে ঐচ্ছিক বিষয়ের কোড পূরণ করতে হবে।] | দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ৬ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে;<br>অথবা, কম্পিউটার বিজ্ঞান / কম্পিউটার প্রকৌশলে ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| | প্রভাষক (হিসাব বিজ্ঞান/ হিসাব রক্ষণ) | ২৯. হিসাব বিজ্ঞান/ হিসাব রক্ষণ | হিসাব বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা,<br>চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| | প্রভাষক (ব্যাংকিং) | ৩০. ব্যাংকিং | সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা,<br>চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| চ মাধ্যমিক ্যালয়/কলেজ/ সায় ব্যবস্থাপনা স্টিটিউট | প্রভাষক (সাচিবিক বিদ্যা) | ৩১. সাচিবিক বিদ্যা<br>[প্রভাষক সাচিবিক বিদ্যা পদের জন্য প্রার্থীগণ আবেদনপত্রে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে সাচিবিক বিদ্যা লিখতে হবে এবং স্নাতক সম্মান/স্নাতকোত্তর পর্যায়ে তাঁর বিষয় যাই থাকুক না কেন সাচিবিক বিদ্যা বিষয়ের সিলেবাস অনুসরণ করে সাচিবিক বিদ্যা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। CIF-এ অনুরূপভাবে ঐচ্ছিক বিষয়ের নাম সাচিবিক বিদ্যা লিখে ঐচ্ছিক বিষয়ের কোড পূরণ করতে হবে।] | দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদি ২য় শ্রেণীর স্নাতক সম্মান ডিগ্রি; উভয় ক্ষেত্রে সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান থেকে সেক্রেটারিয়েল সায়েন্সে ডিপ্লোমা বা ন্যূনতম ৬ মাস মেয়াদি প্রশিক্ষণ সার্টিফিকেট;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী জিপিএ ২.৫ এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| রাসা | প্রভাষক (আরবি) | ৩২. আরবি | দ্বিতীয় শ্রেণীর কামিল;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী জিপিএ ২.৫ এর নিচে গ্রহণযোগ্য নয়। |

২. প্রার্থীকে ১০০ নম্বরের আবশ্যিক বিষয় এবং ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষা দিতে হবে। প্রতি বিষয়ে পরীক্ষার সময় তিন ঘন্টা।

৩. ক. নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসার সহকারী শিক্ষক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং মাদরাসার প্রদর্শক ও শরীরচর্চা শিক্ষক, মাদরাসার সহকারী মৌলবি, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক সাধারণ বিষয়, ট্রেড ইন্সট্রাক্টর, জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদের জন্য হলুদ রংয়ের আবেদন ফরম ও হলুদ রংয়ের CIF-এ আবেদন করতে হবে।

খ. কলেজ, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট, আলিম, ফাজিল ও কামিল মাদরাসার প্রভাষক পদের জন্য সাদা রংয়ের ফরম ও লাল রংয়ের CIF-এ আবেদন করতে হবে।

৪. CIF, আবেদন ফরম ও শিক্ষক নিবন্ধন পরীক্ষার সিলেবাস পুস্তিকা ২০.০৮.২০০৯ হতে ০৬.০৯.২০০৯ পর্যন্ত অগ্রণী ব্যাংকের নিম্নবর্ণিত শাখা হতে নগদ ৪৩৫ (চারশত পঁয়ত্রিশ) টাকায় ক্রয় করা যাবে। শাখাগুলোর নাম ঃ অগ্রণী ব্যাংকের ঢাকা মহানগরের জাতীয় প্রেস ক্লাব শাখা, সেন্ট্রাল ল' কলেজ শাখা, রামপুরা টিভি শাখা, বাংলা একাডেমী শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা, আমিন কোর্ট কর্পোঃ শাখা, যাত্রাবাড়ী শাখা, জাতীয় যাদুঘর শাখা, মালিবাগ শাখা, গুলশান শাখা, মহাখালী শাখা, নিউমার্কেট শাখা, ফার্মগেট শাখা, মিরপুর শাখা, উত্তরা মডেল টাউন শাখা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, এস এস কলেজ শাখা, ফরিদাবাদ শাখা, জয়পাড়া শাখা, ধানমন্ডি শাখা, মোহাম্মদপুর শাখা, সাত মসজিদ রোড শাখা, বাড্ডা শাখা, পল্লবি শাখা, শেওড়াপাড়া শাখা, চক বাজার শাখা, গাবতলী শাখা, সদরঘাট শাখা, ধামরাই শাখা, সাভার শাখা, জিনজিরা শাখা; গাজীপুর জেলার গাজীপুর শাখা ও টঙ্গী শাখা; ময়মনসিংহ শহরের ময়মনসিংহ শাখা ও ছোট বাজার শাখা; চট্টগ্রাম শহরের লালদীঘি পূর্ব কর্পোঃ শাখা, আগ্রাবাদ (জাঃ ভঃ) কর্পোঃ শাখা, শেখ মুজিব সড়ক শাখা, মেডিকেল কলেজ শাখা, হালিশহর শাখা, প্রেসক্লাব শাখা, নিউমার্কেট শাখা, বহদ্দারহাট (বিটি) শাখা; রাজশাহী শহরের সাহেব বাজার শাখা, নিউ মার্কেট শাখা, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা, লক্ষীপুর শাখা; খুলনা শহরের ক্লে রোড শাখা, সামছুর রহমান রোড শাখা, ফরাজীপাড়া শাখা, স্যার ইকবাল রোড কর্পোঃ শাখা; বরিশাল শহরের সদর রোড শাখা, চকবাজার শাখা, বটতলা শাখা, পুরান বাজার শাখা; সিলেট শহরের স্টেশন রোড (সিলেট) শাখা, লালদীঘির পাড় শাখা, আম্বরখানা শাখা, জিন্দা বাজার শাখা এবং অন্য সকল জেলা শহরের অগ্রণী ব্যাংকের প্রধান শাখা।

৫. অগ্রণী ব্যাংকের যে শাখা হতে আবেদন ফরম সংগ্রহ করা হবে প্রার্থীকে ঠিক সেই শাখায় প্রার্থীর নিজ হাতে পূরণকৃত আবেদন ফরম ও CIF পৃথকভাবে খামবিহীন অবস্থায় হাতে হাতে ০৬.০৯.২০০৯ তারিখের মধ্যে জমা দিতে হবে। আবেদনপত্র ও CIF খামে ভরা অবস্থায় গ্রহণ করা হবে না। ব্যাংকের প্রতিটি শাখায় বিশেষ ধরনের এডহেসিভ টেপ দেয়া আছে। প্রার্থীকে CIF-এর উপর নির্ধারিত স্থানে নির্ধারিত সাইজের (২.২৫ cm×২.৭৫ cm) ছবি উক্ত এডহেসিভ টেপ দ্বারা আটকে দিতে হবে। অন্য কোন ধরনের টেপ ব্যবহার করলে এবং অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পরে জমাকৃত আবেদনপত্র বাতিল হবে।

৬. ইতঃপূর্বে নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী যোগ্যতা সাপেক্ষে অন্য কোন পদ/বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৭. প্রার্থীকে আবেদন পত্রের সাথে CIF সরবরাহ করা হবে। CIF পূরণের নিয়মাবলি অনুসরণ করে সতর্কতা ও যত্নের সাথে CIF পূরণ করতে হবে। আবেদনপত্র ও CIF একই সাথে সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিতে হবে, আবেদনপত্র ও CIF জমা দেয়ার সময় প্রার্থীকে প্রাপ্তি রসিদ দেয়া হবে। কোনক্রমেই সরাসরি এনটিআরসিএ অফিসে বা ডাকযোগে আবেদনপত্র গ্রহণ করা হবে না। স্বাক্ষরবিহীন আবেদনপত্র ও CIF বাতিল হবে।

৮. CIF পূরণের নিয়মাবলি অনুসারে CIF পূরণ না করলে, CIF ছিঁড়ে গেলে, কাটাকাটি করলে, ফ্লুইড, পিন ইত্যাদি ব্যবহার করলে আবেদনপত্র বাতিল হবে।

৯. প্রার্থীকে আবেদন ফরম ও CIF পূরণের সময় CIF পূরণের নিয়মাবলির সিলেবাসের পরিশিষ্ট অংশের টেবিল-১ হতে পদের নাম ও কোড এবং টেবিল-২ হতে প্রার্থী যে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দেবেন তা নির্বাচন করে সেই অনুযায়ী কোড নম্বর পূরণ করতে হবে। বিশেষত সহকারী শিক্ষক (কৃষি), সহকারী শিক্ষক (কম্পিউটার), প্রভাষক (কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার অপারেশন/সাচিবিক বিদ্যা) পদের জন্য আবেদনকারীকে বিজ্ঞপ্তির বর্ণনামত পরীক্ষার বিষয় নির্বাচন করতে হবে এবং সেই অনুযায়ী আবেদন ফরম ও CIF পূরণ করতে হবে।

১০. CIF-মেশিন রিডেবল হওয়ায় CIF পূরণে কোন ভুল হলে আবেদনপত্র সরাসরি বাতিল হবে। ভুল-ত্রুটি এড়ানোর জন্য আবেদনকারীকে CIF এর একটি ফটোকপি প্রথমে পূরণ করে অতঃপর মূল CIF পূরণের পরামর্শ দেয়া হচ্ছে। কোন কারণে CIF নষ্ট হলে ৫০/- টাকার বিনিময়ে ব্যাংকের সংশ্লিষ্ট শাখা থেকে শুধুমাত্র আরেকটি CIF সংগ্রহ করা যাবে। পরবর্তীতে যে কোন জটিলতা এড়ানোর জন্য আবেদনকারী আবেদনপত্র ও CIF-এর ফটোকপি নিজের কাছে রাখতে পারেন।

১১. CIF-এর ৯ নং কলামে যোগাযোগের ঠিকানা রয়েছে। প্রবেশপত্র, সার্টিফিকেট ইত্যাদি প্রেরণসহ যাবতীয় যোগাযোগ যোগাযোগের ঠিকানায় করা হবে। সিলেবাস পুস্তিকায় উল্লিখিত টেবিল-৩ হতে জেলা কোড, টেবিল-৪ হতে পরীক্ষা কেন্দ্রের কোড পূরণ করতে হবে। প্রার্থী যোগাযোগের ঠিকানায় যে জেলার নাম উল্লেখ করবেন সে জেলার সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে (১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী) তাঁকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

ক. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি;

খ. সিটি কর্পোরেশনের মেয়র বা কমিশনার অথবা পৌরসভার চেয়ারম্যান/মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র;

গ. প্রার্থীর সদ্য তোলা সত্যায়িত ২ (দুই) কপি ছবি (পাসপোর্ট সাইজের ছবি আবেদনপত্রে আঠা দিয়ে ও স্ট্যাম্প সাইজের ছবি CIF-এর নির্ধারিত স্থানে ব্যাংক হতে প্রাপ্ত এডহেসিভ টেপ দ্বারা লাগাতে হবে);

ঘ. পরীক্ষার ফি বাবদ (মোট ৪৩৫/- টাকা) জমা প্রদানের রসিদের ফটোকপি।

১৩. নিম্নবর্ণিত ছক অনুযায়ী জেলা/বিভাগীয় শহরসমূহে পরীক্ষা অনুষ্ঠিত হবে ঃ

| পরীক্ষা কেন্দ্রের নাম | কেন্দ্রের আওতাভুক্ত জেলা | পরীক্ষা কেন্দ্রের নাম | কেন্দ্রের আওতাভুক্ত জেলা |
|---|---|---|---|
| দিনাজপুর | দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড় | টাংগাইল | টাংগাইল |
| রংপুর | রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট | ঢাকা | ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ |
| বগুড়া | বগুড়া, জয়পুরহাট | ফরিদপুর | ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ |
| রাজশাহী | রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর | কুমিল্লা | কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া |
| পাবনা | পাবনা, সিরাজগঞ্জ | নোয়াখালী | নোয়াখালী, ফেনী, লক্ষীপুর |
| কুষ্টিয়া | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা | চট্টগ্রাম | চট্টগ্রাম, কক্সবাজার |
| যশোর | যশোর, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ | বরিশাল | বরিশাল, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি |
| খুলনা | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট | পটুয়াখালী | পটুয়াখালী, বরগুনা |
| জামালপুর | জামালপুর, শেরপুর | সিলেট | সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার |
| ময়মনসিংহ | ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ | রাঙ্গামাটি | রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান |

১৪. নির্ধারিত আবেদন ফরম ব্যতীত এর ফটোকপি বা ২০০৫, ২০০৬, ২০০৭ ও ২০০৮ সনে ব্যবহৃত পরীক্ষার আবেদন ফরমে আবেদন করা হলে তা বাতিল হবে।

১৫. পরীক্ষা দেয়ার সময় উত্তরপত্রের টপ কভার (OMR) ফরমের ১ম অংশে প্রশ্নপত্রে উল্লিখিত বিষয় কোড ও প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বর নির্ধারিত স্থানে লিখতে হবে ও সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করতে হবে।

১৬. প্রার্থীর কোন বিবরণী বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, মিথ্যা তথ্যের ভিত্তিতে পরীক্ষা দিলে তিনি নিবন্ধিত হবেন না/ নিবন্ধন বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন, বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৮. সরকারি/ বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় সরকারের চাকরিতে নিয়োজিত ব্যক্তিকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৯. নির্বাচিত মাদরাসার দাখিল ভোকেশনাল কোর্সের জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদের ৭টি ট্রেডের পরীক্ষা ট্রেড ইন্সট্রাক্টরের আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের সাথে একই সিলেবাসে অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক সাধারণ বিষয়ের ৫টি ঐচ্ছিক বিষয়ের (বাংলা, ইংরেজি, গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন) পরীক্ষা মাধ্যমিক শিক্ষাস্তরের সহকারী শিক্ষকদের জন্য নির্ধারিত (বাংলা, ইংরেজি, গণিত, পদার্থবিজ্ঞানও রসায়ন) আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের সিলেবাস অনুসারে অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। কলেজ/মাদরাসার প্রদর্শক পদের আবশ্যিক এবং ৪টি ঐচ্ছিক বিষয়ের (পদার্থবিজ্ঞান, রসায়ন, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান) পরীক্ষা মাধ্যমিক শিক্ষাস্তরের সহকারী শিক্ষকের জন্য আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের (পদার্থবিজ্ঞান, রসায়ন, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান) সিলেবাস ও অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। কলেজ স্তরের শরীরচর্চা শিক্ষকের পরীক্ষা মাধ্যমিক স্তরের সহকারী শিক্ষকের (শরীর চর্চা) সাথে একই সিলেবাস ও অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে।

২০. ২০০৯ সনের ডিসেম্বর মাসে **৫ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হবে।** পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষায় অংশগ্রহণ করবে সে শিক্ষা প্রতিষ্ঠানের নাম পত্রিকায় বিজ্ঞপ্তি/NTRCA'র ওয়েবসাইট মারফত যথাসময়ে জানানো হবে। CIF-এ উল্লিখিত ঠিকানায় বৈধ প্রার্থীর প্রবেশপত্র পাঠানো হবে যাতে পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্র ও ভেন্যুর নাম উল্লেখ থাকবে। এনটিআরসিএ'র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে।

২১. উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধন করে ৫ (পাঁচ) বছরের জন্য প্রত্যয়নপত্র প্রদান করা হবে। নিবন্ধিত ব্যক্তিগণ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক পদে নিয়োগ পাওয়ার জন্য আবেদন করার যোগ্য বিবেচিত হবেন।

২২. ৫ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০০৯-এর বিজ্ঞপ্তি NTRCA-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) পাওয়া যাবে।

২৩. পরীক্ষা সংক্রান্ত NTRCA'র নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ঃ ৮৬১২৮১০।

মোঃ সাইফুল ইসলাম
(যুগ্মসচিব)
সদস্য, পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন